



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (A.P.A.) বাস্তবায়ন সংক্রান্ত টিমের ০১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : নাসরীন আফরোজ, ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

তারিখ ও সময় : ৩০ জুলাই ২০২১ খ্রি.; সন্ধ্যা ০৭:৩০ মিনিট।

ভার্চুয়াল সভা।

উপস্থিতি : “ক”

২.০ সভার শুরুতে সভাপতি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভার আলোচনা শুরু করেন। ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি’র কর্মপরিকল্পনা এবং ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি’র সম্পাদিত সার্বিক কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

৩.০ সিদ্ধান্তসমূহ:

৩.১ করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে সরকারি পরিপত্র অনুযায়ী ২০২১-২২ অর্থবছরের বার্ষিক প্রশিক্ষণ-কর্মশালা’র পরিকল্পনা আগামী ১২ আগস্ট ২০২১ তারিখের মধ্যে প্রণয়ন করতে হবে (এডি-পরিকল্পনা ও উন্নয়ন শাখা);

৩.২ আগামী ১৬ আগস্ট ২০২১ তারিখের মধ্যে ২০২১-২২ অর্থবছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা প্রণয়ন করতে হবে (এডি-অর্থ ও হিসাব শাখা);

৩.৩ জাতীয় বিশ্ববিদ্যালয়, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগ রেখে নিদিষ্ট সময়ের মধ্যে ২০২২ সালের স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি কার্যক্রম শুরু করতে হবে (এডি-উপবৃত্তি শাখা ও প্রোগ্রামার-আইসিটি শাখা);

৩.৪ ২০২১-২২ অর্থবছরের এপিএ, শুদ্ধাচার, উদ্ভাবন ও অন্যান্য কর্মপরিকল্পনা প্রিন্ট আউট করে সকল কর্মকর্তার ডেস্কে রাখাসহ কার্যক্রমসমূহ সময়মত বাস্তবায়নে সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিক হতে হবে।

৪.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৭/২০২১

(নাসরীন আফরোজ)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮১৯২২০০

e-mail: md@pmeat.gov.bd

নং-৩৭.২৪.০৪.০০০০.১১৪.১২৮.২১-৪০২

তারিখ: ১৭ শ্রীরগ ১৪২৮ বঙ্গাব্দ
০১ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ কার্যার্থে-

১। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সকল কর্মকর্তা-কর্মচারী, ধানমন্ডি, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সিনিয়র সহকারী সচিব (অ: দা:), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।

৩। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৩০/০৭/২০২১
(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
ফোন: ০২-৫৫০০০৭০৯
e-mail: ad.planning@pmeat.gov.bd